

Times Today BD

রেজাউল করিম লিটন | দেশজুড়ে | 25 June, 2025

আজ বুধবার (২৫ জুন) চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারে বাজার সংযোগ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।

পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশনের আর্থিক ও কারিগরী সহায়তায় পরিচালিত কৃষি ইউনিটের ফসল বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিপণন উপ প্রকল্পের আওতায় এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

বীজ বিক্রেতা, সাধারণ চাষি ও উৎপাদনকারী কৃষকদের উপস্থিতিতে কর্মশালায় অংশ নেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ

নুরুল ইসলাম, বিশেষ অতিথি ছিলেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ

পরিচালক দেবশীষ কুমার দাস, ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান

যুদ্ধ, কৃষি ইউনিটের কর্মকর্তা ফায়সাল মাহমুদ জোয়ার্দার প্রমুখ।

প্রধান অতিথি সাধারণ বীজ উৎপাদনকারী কৃষকদের বীজ উৎপাদন কলাকৌশল ও সংরক্ষণ

প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত আলোচনাসহ ডিলারদের উদ্দেশ্যে মানসম্মত বীজ সাশ্রয় মূল্যে

বিক্রয় অনুরোধ করেন।

ডিলারদের পক্ষ থেকে আসমানখালি বাজারে অবস্থিত ত্রীরত্ন বীজ ভান্ডারের স্বত্বাধিকারী

রবিউল ইসলাম কর্মশালার সফলতা কামনা করে ওয়েভ ফাউন্ডেশনের কাছ থেকে মানসম্মত

বীজ প্রাপ্তির আশাবাদ ব্যক্ত করেন এবং ভালো বীজ পেলে কৃষকের জন্য সেটা লাভবান হবে

বলে মন্তব্য করেন। পরিশেষে বিশেষ অতিথি ওয়েভ ফাউন্ডেশনের কৃষি ইউনিট কর্তৃক

বাস্তবায়িত চুয়াডাঙ্গা জেলায় বিভিন্ন কর্মকাণ্ডের প্রশংসা এবং সফলতা কামনা করেন।

ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টার কর্মশালা চুয়াডাঙ্গা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 01:29

URL: <https://timestodaybd.com/across-the-country/7758073697>